



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

১১ই নভেম্বর, ২০১৭

প্রেস রিলিজ

রংপুরে হিন্দু বাড়ীতে হামলা ও অগ্নিসংযোগের ঘটনায় গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা এবং ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানসহ পুনর্বাসনের দাবী জানাচ্ছে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

রংপুর সদর উপজেলার গঙ্গাচড়া থানার পাগলাপীর ঠাকুরপাড়ায় কয়েকটি হিন্দু বাড়ীতে হামলা ও অগ্নিসংযোগের ঘটনায় গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানাচ্ছে ব্লাস্ট। পাশাপাশি স্থানীয় হিন্দু সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত এবং জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার দাবী জানাচ্ছে। সংবাদ মাধ্যমের তথ্য অনুযায়ী ফেইসবুকে ধর্ম অবমাননার অভিযোগ তুলে হিন্দুদের বাড়ীঘরে আগুন দেয়া হয়। শুক্রবার বিকেল ৩টার দিকে পাগলাপীর ঠাকুরপাড়ায় আট থেকে দশ হাজার মানুষ বিক্ষোভ করে এবং হিন্দু সম্প্রদায়ের বাড়ীঘরে আগুন লাগায় যার ফলে ৩০টি ঘরবাড়ী পুড়ে যায় এবং ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। জানা গেছে এ ঘটনায় পুলিশের সাথে সংঘর্ষে একজন নিহত এবং কয়েকজন আহত হয়েছে।

উল্লেখ্য, রাষ্ট্রের দায়িত্ব সকল নাগরিকের নিরাপত্তা নিশ্চিত করা। বাংলাদেশ সংবিধান অনুসারে, প্রত্যেক নাগরিকের আইনের আশ্রয়লাভের অধিকার রয়েছে এবং আইনানুযায়ী ব্যতীত জীবন ও ব্যক্তি-স্বাধীনতা হইতে কোন ব্যক্তিকে বঞ্চিত করা যাবে না। পাশাপাশি সংবিধানে আরো বলা আছে, ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোন নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করবে না। এ ঘটনায় হিন্দু ধর্মালম্বী নাগরিকদের মৌলিক অধিকার লংঘিত হয়েছে, ব্লাস্ট নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্তসহ দায়ী ব্যক্তিদের যথাযথ বিচার প্রক্রিয়া অনুসরণ করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী করছে। একই সাথে ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত ক্ষতিপূরণসহ পুনর্বাসনের জন্য সরকারের প্রতি দ্রুত ব্যবস্থা নেয়ার আহবান জানাচ্ছে।

বার্তা প্রেরক

মাহবুবা আক্তার

উপ পরিচালক, এডভোকেসি এন্ড কমিউনিকেশন

ব্লাস্ট

ফোন ০১৭৭৬০৬০১১৩